গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৫

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

4G নেটওয়ার্ক চালু এবং নেটওয়ার্ক কভারেজ ও ক্যাপাসিটি বৃদ্ধিকরণ কার্যক্রমের আওতায় টেলিটক বিগত তিন বছরে দেশব্যাপী ৯৫০টি 4G ই-নোড-বি, ৯৫২টি 3G নোড-বি ও ৭১২টি 2G বিটিএস স্থাপনের কাজ সম্পন্ন করেছে। টেলিটকের নিজস্ব অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি সেবা প্রক্রিয়ায় আধুনিকায়ন ও উন্নয়ন সাধিত হয়েছে। সাম্প্রতিক বছরসমূহে টেলিটক সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট সেবা প্রদান, ৪ কোটি ১৬ লক্ষ ৩০ হাজার বিভিন্ন চাকুরি প্রার্থীর আবেদন প্রক্রিয়াকরণ, ৩ কোটি ৬১ লক্ষ ৫০ হাজার বিভিন্ন ইউটিলিটি সেবার বিল গ্রহণ এবং ১২০ কোটি ৩৪ লক্ষ Bulk SMS সেবা প্রদান ইত্যাদি ভ্যালু অ্যাডেড সার্ভিসের মাধ্যমে গুরুত্বপূর্ণ জন-সেবাসমূহ ডিজিটালকরণ করতে ভূমিকা রেখে চলেছে। টেলিটক বাজারের সর্বনিম্ন মূল্যে জনগণকে মোবাইল ইন্টারনেট সেবা দিচ্ছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

নেটওয়ার্ক সম্প্রসারনে বিনিয়োগের ঘাটতির কারনে টেলিটক এখনও সারা দেশে নিরবচ্ছিন্ন নেটওয়ার্ক গড়ে তুলতে পারে নাই। আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন মোবাইল নেটওয়ার্ক অপারেটদের সাথে অত্যন্ত প্রতিযোগিতামূলক বাজারে টেলিটক অপারেট করছে। একমাত্র রাষ্ট্রীয় মালিকানাধীন ও ছোট অপারেটর হিসেবে সফলভাবে কাজ করতে এবং মার্কেট শেয়ার বাড়াতে টেলিটকের পলিসি সাপোর্ট প্রয়োজন।

ভবিষ্যৎ পরিকল্পনা:

টেলিটকের পরিকল্পনা ২০২৫ সালের মধ্যে বাংলাদেশে 5G নেটওয়ার্ক বিস্তৃত করা। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে উচ্চগতির মোবাইল ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিসের মাধ্যমে বাংলাদেশকে সত্যিকার অর্থে 'ডিজিটাল বাংলাদেশ'–এ রুপান্তর করা। বাংলাদেশের যে সকল দূর্গম এলাকায় (যেমন হাওর-বাওড় ও উপকূলীয় অঞ্চল) এখনও মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক নাই, সে সকল জায়গায় মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন করা। বিভাগীয় শহরগুলোকে স্মার্ট সিটিতে রুপান্তরের জন্য ২০২৪ সাল হতে পর্যায়ক্রমে প্রয়োজনীয় টেলিযোগাযোগ ও আইটি অবকাঠামো নির্মাণ করা। সরকারি, উন্নয়ন সহযোগী ও বিদেশী বিনিয়োগে (চীন, দক্ষিন কোরিয়া, সৌদি আরব) প্রকল্প গ্রহণের মাধ্যমে এ সকল কার্যক্রম সম্পন্ন করা হবে। এছাড়া ইনোভেটিভ ভ্যালু অ্যাডেড সার্ভিসের মাধ্যমে সকল জন-সেবাসমূহকে ডিজিটাল সেবায় রুপান্তর অব্যাহত রাখা ।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- দেশব্যাপি টেলিটকের 4G নেটওয়ার্ক সম্প্রসারণ
- দেশের দূর্গম অঞ্চলে (যেমন হাওর-বাওড়, উপকূলীয় ও দ্বীপাঞ্চল) 4G নেটওয়ার্ক স্থাপন
- সকল মোবাইল অপারেটরদের মধ্যে সবচাইতে সাশ্রয়ী মূল্যে মোবাইল ইন্টারনেট সেবা প্রদান করা;
- ইনোভেটিভ ডিজিটাল সেবার মাধ্যমে গুরুত্বপূর্ণ জন-সেবাসমূহ ডিজিটালকরণ অব্যাহত রাখা।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ...জুলাই... মাসের ...২২... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের সকল প্রান্তে বসবাসরত প্রত্যেক নাগরিকের জন্য মোবাইল ভয়েস, ব্রডব্যান্ড ইন্টারনেট এবং ডিজিটাল সেবা সাশ্রয়ীমূল্যে প্রদান করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

দেশের সর্বত্র নেটওয়ার্ক কভারেজ প্রদান ও উল্লেখযোগ্য মার্কেট শেয়ার অর্জনের মাধ্যমে টেলিটক বাংলাদেশের শীর্ষ স্থানীয় মোবাইল নেটওয়ার্ক অপারেটরদের মধ্যে অন্যতম হবে।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুলভ মুল্যে মোবাইল ইন্টারনেট সেবা প্রদান এবং বর্ধিত Data Volume ব্যবহার।
২. প্রোডাক্ট ইনোভেশনের মাধ্যমে ডিজিটাল সেবায় মার্কেট লিডার হওয়া।
৩. সক্ষমতা বৃদ্ধি।
৪. নতুন গ্রাহক অধিগ্রহণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. দেশব্যাপী অত্যাধুনিক প্রযুক্তির ও সাশ্রয়ী মুল্যের মোবাইল ভয়েস ও ইন্টারনেট (ডাটা) সার্ভিস প্রদান
২. ক্রমাগত ইনোভেশনের মাধ্যমে সারা দেশে ডিজিটাল সেবা সম্প্রসারন
৩. সমসাময়িক বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।
৪. সারা দেশে মোবাইল টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৪-২০২৫	২০২৫-২০২৬		
মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে টেলিডেনসিটি, ইন্টারনেট পেনেট্রেশন ও ডিজিটাল সেবার পরিধি বিস্তৃতকরণ	নেটওয়ার্ক যন্ত্রপাতি স্থাপনের মোট সংখ্যা (4G e-Node-B)	সংখ্যা (ক্রম পুঞ্জিভূত)	৩৮৩৫	৩৮৩৫	৪৬৮৫	৭০৫৫	৮৪৫৫		টেলিটকের বার্ষিক প্রতিবেদন, টেলিটকের ওয়েবসাইট ও বাজার হতে প্রাপ্ত তথ্য
	অনলাইন ও এসএমএস এর মাধ্যমে জনগণকে ডিজিটাল সেবা প্রদানের প্রবৃদ্ধি	% (ক্রম পুঞ্জিভূত)	১৭	১৮	২০	২১	২২		টেলিটকের বার্ষিক প্রতিবেদন, টেলিটকের ওয়েবসাইট ও বাজার হতে প্রাপ্ত তথ্য

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা